

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
বেলকুচি, সিরাজগঞ্জ

[belkuchi.sirajganj.gov.bd](http://belkuchi.sirajganj.gov.bd)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-০৫.৪৩.৮৮১১.০০১.২৪.০০৩.১৮-২২৫৮(৫০)

তারিখ: ১৬/১০/২০১৮ খ্রি:

বিষয়: ২২ অক্টোবর/২০১৮ খ্রিঃ তারিখ 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' এর কর্মসূচি বাস্তবায়ন।

সূত্রঃ জেলা প্রশাসক, সিরাজগঞ্জ মহোদয়ের কার্যালয়ের ১০/১০/২০১৮ খ্রিঃ তারিখের ০৫.৪৩.৮৮০০.০০৮.৩২.০১২.১৭-৫৪২(১১) নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রতি বছর ২২ অক্টোবর তারিখকে সরকার 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' হিসেবে ঘোষণা করেছেন। তাই আসছে ২২ অক্টোবর, ২০১৮ তারিখ 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' সরকারিভাবে পালন করা হবে। এ বছরের প্রতিপাদ্য হচ্ছে "আইন মেনে চলবো, নিরাপদ সড়ক গড়বো"। বাংলাদেশ স্কাউটস এর সাথে সমন্বয় করে দেশব্যাপী একসাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পার্শ্ববর্তী সড়ক/মহাসড়কে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুন স্বল্প সময়ের জন্য প্রদর্শন করার নির্দেশনা রয়েছে।

দেশব্যাপী সড়ক নিরাপত্তা বিষয়ে এ উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীসহ সকলের মাঝে সচেতনতা সৃষ্টির মাধ্যমে সড়ক দুর্ঘটনা হ্রাস ও সড়কে সুশৃংখলা নিশ্চিত করণের অংশ হিসেবে বেলকুচি উপজেলায় আসছে ২২ অক্টোবর ২০১৮ তারিখ বেলা ১১.০০ টা থেকে ১১.৩০ টা পর্যন্ত 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' সরকারিভাবে পালন করা হবে। সে মোতাবেক বেলকুচি উপজেলায় মহিলা ডিগ্রী কলেজের দক্ষিণ প্রান্ত হতে দেলুয়া ইসলামীয়া মাদ্রাসার উত্তর প্রান্ত পর্যন্ত মহাসড়কে দাড়িয়ে সকল ছাত্র-ছাত্রী ও শিক্ষকদের সড়ক নিরাপত্তা বিষয়ক স্লোগান সম্বলিত ফেস্টুন স্বল্প সময়ের জন্য প্রদর্শন করা হবে এবং উক্ত কর্মসূচি যথাযথভাবে পালন করার জন্য সকল শিক্ষা প্রতিষ্ঠানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

এমতাবস্থায়, 'জাতীয় নিরাপদ সড়ক দিবস' সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে উক্ত দিবসের কর্মসূচিতে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ ওলিউজ্জামান)

উপজেলা নির্বাহী অফিসার

বেলকুচি, সিরাজগঞ্জ

ফোন নং-০৭৫২২-৫৬৪৫৫

মোবাইল নং ০১৭৩৩-৩৩৫০৪০

E-mail: unobelkuchi@mopa.gov.bd

বিতরণঃ

- ১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ২। পুলিশ সুপার, সিরাজগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৪। মেয়র, বেলকুচি উপজেলা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৫। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৬। সহকারী কমিশনার (ভূমি), বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৭। উপজেলা -----অফিসার, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৮। অফিস ইনচার্জ, বেলকুচি থানা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ৯। চেয়ারম্যান -----(সকল) ইউপি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১০। সভাপতি, গভর্নিং বডি/ম্যানেজিং কমিটি -----কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ----- কলেজ/উচ্চ বিদ্যালয়/মাদ্রাসা, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১২। সভাপতি, বেলকুচি, প্রেসক্লাব, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৩। সভাপতি/সম্পাদক, স্কাউট, বেলকুচি উপজেলা, সিরাজগঞ্জ।
- ১৪। সভাপতি/সেক্রেটারী -----মালিক সমিতি, বেলকুচি, সিরাজগঞ্জ।
- ১৫। উপজেলা টেকনিশিয়ান, বেলকুচি (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১৬। অফিস কপি।